**আর্থিক সহায়তা কর্মসূচি**

**বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি**

**(সহজ ভাষায় সংক্ষিপ্তসার)**

**যদি আমার কোনো বিমা না থাকে এবং হাসপাতালের বিল দেয়ার সামর্থ্য না থাকে তাহলে কী হবে?**

নিউ ইয়র্ক সিটির নিম্ন-আয়ের যেসব অধিবাসীর বিমা নেই অথবা যারা তাদের স্বাস্থ্য সুবিধাগুলো ব্যবহার করে ফেলেছেন তাদের চিকিৎসাগতভাবে আবশ্যক অ-জরুরি পরিষেবাগুলোর জন্য হ্রাসকৃত ফি নেয়ার মাধ্যমে Maimonides মেডিকেল সেন্টার আর্থিক সহায়তা প্রদান করে থাকে। নিউ ইয়র্ক স্টেটের নিম্ন-আয়ের অধিবাসীদের জরুরি পরিষেবার জন্য আর্থিক সহায়তার ব্যবস্থা রয়েছে। সেই সব রোগীদেরকে নিম্ন-আয়ের বলে বিবেচনা করা হয় যদি তাদের পারিবারিক আয় ফেডারেল দারিদ্র্যসীমার শতকরা হারের চেয়ে কম হয় এবং তারা সম্পদের পরীক্ষায় পাস করেন।

এছাড়াও যে সব রোগী আর্থিক যোগ্যতার শর্তগুলো পূরণ করেন না কিন্তু চিকিৎসার জন্য যাদের অনেক বেশি খরচ হয়ে থাকে তাদের ক্ষেত্রে পরিস্থিতির উপর ভিত্তি করে, তাদেরকে আর্থিক সহায়তা দেয়া হতে পারে।

**আমি কিভাবে আর্থিক সহায়তা নীতির একটি কপি পেতে পারি?**

Maimonides-এর আর্থিক সহায়তা নীতি (Maimonides Financial Assistance Policy, FAP), FAP-এর আবেদনপত্র এবং FAP-এর একটি সংক্ষিপ্ত বিবরণ ("সহজ ভাষায় সংক্ষিপ্তসার") Maimonides-এর ওয়েবসাইটের আর্থিক সহায়তা বিষয়ক একটি নির্দিষ্ট পেইজে পাওয়া যায় (http://www.maimonidesmed.org/main/FinancialInformation.aspx)। এই কাগজপত্রের কাগুজে কপি অনুরোধ সাপেক্ষে ও বিনা খরচে ডাকযোগে Financial Services Department located at 983 48th Street, Brooklyn, NY, 11219 ঠিকানা থেকে এবং হাসপাতালের পাবলিক স্থানসমূহে পাওয়া যায়, যার মধ্যে রয়েছে জরুরি বিভাগ, ভর্তি বিভাগ ও পেশেন্ট সার্ভিস পয়েন্টসমূহ। এছাড়াও ওয়েবসাইটে ও এই ঠিকানাগুলোতে এই নীতি, আবেদন, ও সহজ ভাষায় সংক্ষিপ্তসারের অনুবাদ পাওয়া যায়।

**সব পরিষেবাগুলো কি কভার করা হয়?**

পরিষেবাগুলো অবশ্যই চিকিৎসাগতভাবে আবশ্যক হতে হবে এবং Maimonides মেডিকেল সেন্টার কর্তৃক প্রদানকৃত হতে হবে। এই নীতির আওতায় কভার না করা পরিষেবাগুলোর মধ্যে রয়েছে:

- চিকিৎসাগতভাবে আবশ্যক নয় এমন আইটেমসমূহ (যেমন কসমেটিক প্রক্রিয়া);
- ক্লিনিক্যাল বা থেরাপিউটিক সুফল নেই এমন আইটেমসমূহ (যেমন টেলিফোন, টেলিভিশন ও ব্যক্তিগত কক্ষের বাড়তি খরচ);
- হাসপাতাল কর্তৃক যে পরিষেবাসমূহের জন্য বিল করা হয়নি (যেমন অ্যানেসথেসিয়া পরিষেবা, কিছু চিকিৎসকের ফি); এবং
- কোপেমেন্ট ও ডিডাক্টিবল।

এই নীতির আওতায় কোন চিকিৎসকদেরকে কভার করা হয় সে সম্পর্কে তথ্যের জন্য আর্থিক পরিষেবা বিভাগে যোগাযোগ করুন।

**আমি কিভাবে জানবো কোন পরিষেবাগুলো কভার করা হয়?**

যখন আপনি আর্থিক সহায়তার জন্য আবেদন করবেন, তখন আমরা আপনাকে জানাবো যে কোন পরিষেবাগুলো কভারেজের আওতায় রয়েছে।

**আর্থিক সহায়তার জন্য বিবেচিত হওয়ার জন্য আমাকে কী করতে হবে?**

আপনাকে অবশ্যই একজন ফিনান্সিয়াল কাউন্সেলরের সাথে কথা বলতে হবে যিনি আপনার সাথে কাজ করবেন এটা নির্ধারণ করার জন্য যে আপনি সরকারি বিমা (যেমন, মেডিকেইড, চাইল্ড হেলথ প্লাস, প্রিনাটাল কেয়ার অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম), হ্রাসকৃত ফি বা অন্যান্য আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য কিনা। এই প্রক্রিয়া শুরু করার জন্য অনুগ্রহ করে 983 48th Street, Brooklyn, NY, 11219 ঠিকানায় অবস্থিত Financial Services Department-এর সাথে যোগাযোগ করুন, অথবা 718-283-7790 নম্বরে ফোন করুন। বহির্বিভাগীয় মানসিক স্বাস্থ্য পরিষেবার জন্য, অনুগ্রহ করে 920 48th Street, Brooklyn, NY 11219 ঠিকানায় অবস্থিত Psychiatry Cashier/Registration-এর সাথে যোগাযোগ করুন, অথবা 718-283-8177 নম্বরে ফোন করুন।

**আমি কি আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য?**

আর্থিক সহায়তা কর্মসূচি নির্ভর করে পরিবারের আকার ও আয়ের ভিত্তিতে ফেডারেল দারিদ্র্যসীমা, এবং সার্বিক তরল সম্পদের (ব্যাংক অ্যাকাউন্ট, স্টক, বন্ড) উপর। যেসব রোগীর পারিবারিক আয় ফেডারেল দারিদ্র্যসীমার 300% অথবা তারচেয়ে কম তারা ডিসকাউন্ট পাওয়ার যোগ্য হতে পারেন। পরিবারের আয় ফেডারেল দারিদ্র্যসীমার শতকরা কত ভাগ (0%-300%) তার সঠিক হিসাব এবং সম্পদের পরীক্ষার উপর ভিত্তি করে ডিসকাউন্টের পরিমাণ কমবেশি হয়ে থাকে। যদি আপনি আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য হন, তাহলে পরিষেবাগুলোর জন্য Maimonides মেডিকেল সেন্টার সাধারণত যা বিল করে থাকে আপনাকে তারচেয়ে বেশি চার্জ করা হবে না, এটি পরিষেবা অনুযায়ী মেডিকেয়ার বা মেডিকেইড যা প্রদান করবে তার উপর ভিত্তি করে নির্ধারণ করা হয়।

আর্থিকভাবে যোগ্য হওয়ার পাশাপাশি, আপনাকে অবশ্যই আর্থিক সহায়তার আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় যেকোনো তথ্য বা কাগজপত্র দিতে হবে এবং Maimonides-এর অর্থ বিভাগের কর্মীদের সাথে সহযোগিতা করতে হবে।
অনুগ্রহ করে আরো লক্ষ করুন, যদি আপনি সরকারি পৃষ্ঠপোষকতায় পরিচালিত বিমা কর্মসূচি (যেমন, মেডিকেইড, চাইল্ড হেলথ প্লাস, প্রিনাটাল কেয়ার অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম) থেকে সহায়তা পেতে পারেন তাহলে আপনি হ্রাসকৃত ফি পাওয়ার যোগ্য হবেন না।

**সহজ ভাষায় সংক্ষিপ্তসার (পৃষ্ঠা 2)**

যে পরিষেবাগুলোর জন্য আর্থিক সহায়তা প্রয়োজন সেগুলোর জন্য, আপনি ডিসচার্জ হওয়ার পর প্রথম যে বিলটি আপনাকে দেয়া হবে সেটির তারিখ থেকে 240 দিনের মধ্যে আপনাকে অবশ্যই আর্থিক সহায়তার আবেদন জানাতে হবে।

**আবেদন প্রক্রিয়ায় কী পরিমাণ সময় লাগবে?**

আপনি আবেদনপত্র পূরণ করে প্রয়োজনীয় সব কাগজপত্র ও তথ্য দেয়ার পর, Maimonides মেডিকেল সেন্টারের আর্থিক পরিষেবা বিভাগ এবং বহির্বিভাগীয় মানসিক স্বাস্থ্য পরিষেবার জন্য সাইকিয়াট্রি ক্যাশিয়ার/রেজিস্ট্রেশন তথ্যগুলো পর্যালোচনা করবে এবং 30 দিনের মধ্যে একটি সিদ্ধান্ত গ্রহণ করবে। আপনার আবেদন প্রক্রিয়াধীন থাকাকালীন সময়ে আপনি কোনো বিল পেলে, তার অর্থ এই নয় যে হ্রাসকৃত ফি-এর জন্য আপনার আবেদন প্রত্যাখ্যান করা হয়েছে।

**আমার আবেদন অনুমোদিত হয়েছে কিনা তা আমি কিভাবে জানবো?**

হ্রাসকৃত ফি-এর জন্য আপনার আবেদন অনুমোদিত নাকি প্রত্যাখ্যান হয়েছে সে সম্পর্কে আর্থিক পরিষেবা বিভাগ অথবা সাইকিয়াট্রি ক্যাশিয়ার/রেজিস্ট্রেশন আপনাকে লিখিতভাবে জানাবে। আপনার আবেদন অনুমোদিত হলে, আপনার ফি কী পরিমাণ কমানো হয়েছে সে সম্পর্কে আপনাকে জানানো হবে এবং আপনাকে একটি সংশোধিত বিল পাঠানো হবে।

**আমার আবেদন প্রত্যাখ্যান হলে কী হবে?**

আপনার আবেদন প্রত্যাখ্যাত হলে, বিজ্ঞপ্তি পাওয়ার 30 দিনের মধ্যে সিদ্ধান্তটির বিরুদ্ধে আপিল করার অধিকার আপনার রয়েছে। বহির্বিভাগীয় মানসিক স্বাস্থ্য পরিষেবা ছাড়া অন্য পরিষেবাগুলোর ক্ষেত্রে, ফিন্যান্স (ফিনান্সিয়াল সার্ভিসেস)-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট আপিল সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করবেন। আপিল লিখিতভাবে (অথবা অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে সশরীরে) ফিন্যান্স (ফিনান্সিয়াল সার্ভিসেস)-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্টের কাছে নিচের ঠিকানায় জমা দিতে হবে:

**983 48th Street**
**Brooklyn, NY 11219**
**718- 283-7790**

বহির্বিভাগীয় মানসিক স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে, ডিরেক্টর অব রিইমবার্সমেন্ট আপিল সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করবেন। আপিল লিখিতভাবে (অথবা অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে সশরীরে) ডিরেক্টর অব রিইমবার্সমেন্ট-এর কাছে নিচের ঠিকানায় জমা দিতে হবে:

**4802 Tenth Avenue**
**Brooklyn, NY 11219**
**718-283-3900**

যদি আপনার আবেদন প্রত্যাখ্যাত হয়, তাহলে প্রদত্ত পরিষেবার জন্য আর্থিক বাধ্যবাধকতা শনাক্ত করে একটি বাস্তবসম্মত ও ন্যায্য পেমেন্ট পরিকল্পনা তৈরি করার জন্য আমরা আপনার সাথে কাজ করবো।

**যদি আমার আবেদন অনুমোদিত হয় এবং আমার আরো চিকিৎসার প্রয়োজন হয় তাহলে কী হবে?**

হ্রাসকৃত ফি-এর জন্য যোগ্যতার অনুমোদন এক বছর কার্যকর থাকে, তারপর আবার যোগ্যতা পর্যালোচনা করার প্রয়োজন হবে।

**যদি আমার আবেদন অনুমোদিত হয় এবং আমি বকেয়া টাকা কিস্তিতে পরিশোধ করতে চাই তাহলে কী হবে?**

আর্থিক সহায়তা গ্রহণকারী রোগীরা ফিনান্সিয়াল কাউন্সেলরের কাছে কিস্তিতে পেমেন্ট করার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাতে পারেন।

**মানসিক পরিষেবা ও নার্সিং হোমের পরিষেবাগুলো কি আর্থিক সহায়তা পরিকল্পনার অধীনে কভার করা হয়?**

নার্সিং হোমের পরিচর্যা কভার করা হয় না। Maimonides মেডিকেল সেন্টারের কেন্দ্রগুলোর প্রদান করা হাসপাতালে ভর্তি থাকা রোগীদের মানসিক পরিষেবাগুলো কভার করা হয়, কিন্তু প্রেসক্রিপশনসহ বহির্বিভাগীয় মানসিক স্বাস্থ্য পরিষেবার জন্য একটি পৃথক আর্থিক পরিষেবা কর্মসূচি রয়েছে।
বহির্বিভাগীয় মানসিক স্বাস্থ্য পরিষেবা সম্পর্কে আপনি আরো তথ্য পেতে চাইলে, অনুগ্রহ করে ডিরেক্টর, ফিনান্সিয়াল অপারেশন্স ফর সাইকিয়াট্রি-এর সাথে 718-283-8144 নম্বরে যোগাযোগ করুন।

**আপনাদের আর্থিক সহায়তা পরিকল্পনার অধীনে আমি কি ল্যাবরেটরির পরীক্ষাগুলো করাতে পারবো?**

Maimonides-এ সম্পাদিত চিকিৎসাগতভাবে আবশ্যক ল্যাবরেটরি পরীক্ষা, এক্স-রে, ও অন্যান্য আনুষঙ্গিক পরিষেবাগুলোর জন্য হ্রাসকৃত ফি-এর ব্যবস্থা রয়েছে যদি আপনি যোগ্যতার অন্য শর্তগুলো পূরণ করেন।

**যদি আমি আর্থিক সহায়তা পেয়ে থাকি তাহলে এই তথ্য কি প্রকাশ্যে তুলে ধরা হয়?**

আপনার আবেদনপত্রের সব তথ্য গোপন রাখা হয়।

**যদি আপনার আর কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে ফোন করুন:**
**ফিনান্সিয়াল সার্ভিসেস ডিপার্টমেন্ট**
**718-283-7790**